# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩০৯

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ এই হাদীসগুলো উপমা হিসেবে ব্যবহার করা হয়েছে, যার সাথে মানুষ সুপরিচিত, এর ধরণ বর্ণনা করা যাবে না বা এটাকে বাস্তবিক বিবেচনা করা যাবে না মর্মে হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ هَذِهِ الْأَخْبَارَ أُطْلِقَتْ بِأَلْفَاظِ التَّمْثِيلِ وَالتَّشْبِيهِ عَلَى حَسَبِ مَا يَتَعَارَفُهُ النَّاسُ بَيْنَهُمْ , دُونَ كَيْفِيَّتِهَا أَوْ وُجُودِ حقائقها

---

আরবী

3309 - أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ الْجُمَحِيُّ , قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ , قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ , عَنِ ابْنِ عَجْلَانَ , عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ - أَبِي الْحُبَابِ - عَنْ أَبِي هُرَيْرَةَ , قَالَ: قَالَ أَبُو الْقَاسِمِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ: ((مَا تَصَدَّقَ عَبْدٌ بِصَدَقَةٍ مِنْ كَسْبٍ طَيِّبٍ - وَلَا يَقْبَلُ اللَّهُ إِلَّا طَيِّبًا , وَلَا يَصْعَدُ إِلَى السَّمَاءِ إِلَّا طيبٌ -؛ إِلَّا كَأَنَّمَا يَضَعُهَا فِي يَدِ الرَّحْمَنِ فيُرَبِّيها لَهُ كَمَا يُرَبِّي أَحَدُكُمْ فَلُوَّهُ وَفَصِيلَهُ , حَتَّى إِنَّ اللُّقْمَةَ - أَوِ التَّمْرَةَ - لَتَأْتِي يوم القيامة مثل الجبل العظيم)).

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3309 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ: ((إِلَّا كَأَنَّمَا يَضَعُهَا فِي يَدِ الرَّحْمَنِ))؛ يُبَيِّنُ لَكَ أَنَّ هَذِهِ الْأَخْبَارَ أُطْلِقَتْ بِأَلْفَاظِ التَّمْثِيلِ دُونَ وُجُودِ حَقَائِقِهَا , أَوِ الْوُقُوفِ عَلَى كَيْفِيَّتِهَا , إِذْ لَمْ يَتَهَيَّأْ مَعْرِفَةُ الْمُخَاطَبِ بِهَذِهِ الأشياء إلا بالألفاظ التي أطلقت بها.

বাংলা

৩৩০৯. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “কোন বান্দা পবিত্র উপার্জন থেকে সাদাকা করলে, -আল্লাহ পবিত্র ছাড়া অন্য কিছু গ্রহণ করেন না। পবিত্র ছাড়া অন্য কিছু আসমান পানে উত্থিত হয় না- তবে সে যেন দয়াময় আল্লাহর হাতে সে দান রাখে অতঃপর তিনি তা

প্রতিপালন করেন, যেমনভাবে তোমাদের কেউ অশ্বশাবক বা উটের বাচ্চাকে প্রতিপালন করে। এমনকি এক লোকমা খাবার কিংবা একটি খেজুর কিয়ামতের দিন বিশাল পাহাড়ের মত হয়ে আবির্ভূত হবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য “তবে সে যেন দয়াময় আল্লাহর হাতে সে দান রাখে” এটি তোমার কাছে বর্ণনা করছে যে, এই হাদীসগুলো শুধুমাত্র উপমা হিসেবে ব্যবহার করা হয়েছে, এর ধরণ অবগত হওয়া বা এটাকে বাস্তবিক বিবেচনা করা উদ্দেশ্য নয়। কেননা এসব বিষয়গুলো মানুষ কেবল এরকম উদাহরণের মাধ্যমে বুঝতে পারে।”

## ফুটনোট

[1] হুমাইদী: ১১৫৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৬৩১; মুসনাদ আহমাদ: ২/৪১৮; ইবনু খুযাইমা: ৬০; সহীহ মুসলিম: ১০১৪; তিরমিযী: ৬৬১; নাসাঈ: ২/৫৩৮; ইবনু মাজাহ: ১৮৪২; দারেমী: ১/৩৯৫; মুয়াত্তা ইমাম মালিক: ২/995; সহীহ আল বুখারী: ১৪১০; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০০৫০; ইবনু আবী শায়বাহ: ৩/১১১-১১৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/১৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92640

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন